# আইনি ন্যায়পাল (লিগ্যাল অম্বুডসম্যান)

# সাহায্যের জন্য আমরা আছি

## আইনি পরিষেবা সংক্রান্ত আপনার অভিযোগ সমাধানে আইনি ন্যায়পাল সাহায্য করতে পারে

### আমরা যা যা করি

আইনি ন্যায়পাল আইনি পরিষেবা সংক্রান্ত আনিত অভিযোগসমূহ সমাধান করে। এমন টি হতে পারে যে আপনার আইনজীবী সম্মত শর্ত অনুযায়ী কাজ করতে ব্যর্থ হয়েছেন, অনুসন্ধানে দ্রুত সাড়া দেননি বা আপনাকে স্পষ্ট ব্যাখ্যা প্রদান ছাড়াই তাদের ফি বাড়িয়ে দিয়েছেন। কোন একটি আইনি পরিষেবা পাবার ক্ষেত্রে সম্ভবত আপনার এমনটি মনে হয়েছে যে আপনাকে অযৌক্তিকভাবে সেটি প্রত্যাখ্যান করা হয়েছে বা আপনাকে এমন একটি পরিষেবা মেনে নিতে বাধ্য করা হয়েছে যেটি আপনি চাননি।

আমরা আপনার অভিযোগের তদন্ত করবো এবং একটি ন্যায্য ফলাফলে উপনীত হতে সংশ্লিষ্ট সকল তথ্য বা ঘটনা খতিয়ে দেখবো। আমরা একটি স্বাধীন, নিরপেক্ষ প্রতিষ্ঠান এবং আমরা কারো পক্ষ অবলম্বন করি না। আমরা যদি সাব্যস্ত করি যে আপনার প্রাপ্ত পরিষেবা ন্যায়সঙ্গত হয়নি তাহলে আপনার আইনজীবী বা আইনি প্রতিষ্ঠান যেন সেটি যথাযথভাবে করেন আমরা সেটি নিশ্চিত করতে পারি।

আমদের পরিষেবা সমূহ গ্রাহকদেরকে বিনা মূল্যে প্রদান করা হয়।

### কোন কোন বিষয়ের সমাধানে আমরা সাহায্য করতে পারি?

আইনি সংক্রান্ত বিষয়ের উপর আনিত নানা ধরণের অভিযোগ আমরা তদন্ত করতে পারি। যেমন একজন আইনজীবী যেভাবে একটি উইল বা পারিবারিক সমস্যা নিয়ে কাজ করেছেন সেটিতে, আপনি একটি ঘর কেনা বা বেচার ক্ষেত্রে যদি বাজে সেবা পেয়ে থাকেন সেক্ষেত্রে বা আপনি ব্যক্তিগত ইঞ্জুরি ক্লেইম (পার্সোনাল ইঞ্জুরি) করে থাকলে সে ক্ষেত্রে।

LEGAL OMBUDSMAN

সকল ধরণের আইনজীবীদের ব্যাপারে আনিত অভিযোগ আমরা তদন্ত করতে পারি; যেমন সলিসিটর, ব্যারিস্টার, লাইসেন্স কনভয়েন্সার, কস্ট ল'ইয়ার, লিগ্যাল এক্সিকিউটিভ, নোটারী, প্যাটেন্ট এটর্নি, ট্রেড মার্ক এটর্নি, আইনি পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও কোম্পানিসমূহ।

আমরা আপনাকে সাহায্যে করতে পারবো কিনা সেটি জানতে অনুগ্রহ পূর্বক এই প্রচারপত্রটির পেছনে প্রদত্ত যোগাযোগের ঠিকানা অনুযায়ী আমাদের সাথে যোগাযোগ করুন।

**আমাদের পরিষেবা কারা ব্যবহার করতে পারবেন?**

জনসাধারণের যে কেউ এবং একেবারে ক্ষুদ্র ব্যবসায়ী প্রতিষ্ঠান, দাতব্য সংস্থা, ক্লাব ও ট্রাষ্ট সমূহ এই পরিষেবা নিতে পারবেন।

আপনি আমাদের সাথে সরাসরি যোগাযোগ করলে সেটিকে আমারা প্রাধান্য দিই তবে আপনি আপনার কোন বন্ধুবান্ধব, আত্মীয় স্বজন বা অন্য কাউকে আপনার হয়ে আমাদের সাথে যোগাযোগ করতে বলতে পারেন।

**আমরা সাহায্য করতে না পারলে কি হবে?**

আমরা আপনাকে সাহায্যে করতে সক্ষম না হলে অন্যান্য যে সব প্রতিষ্ঠান আপনাকে হয়ত সাহায্যে করতে পারবে আমরা তাদের সাথে আপনার যোগাযোগ স্থাপন করে দিব। উদাহরণস্বরুপ, সলিসিটর্স রেগুলেশন অথরিটি ও বার স্ট্যান্ডার্ড বোর্ড আমাদের ক্ষমতার বাইরের বিষয় সমূহ সমাধান দিতে পারে।

**নিম্নোক্ত পদক্ষেপসমূহ আপনাকে গ্রহণ করতে হবে**

পদক্ষেপ ১: আপনার আইনজীবীকে জানান

আপনার আইনজীবীর উচিত আপনাকে যুক্তিসঙ্গত সেবা প্রদান করা ও আপনার সাথে ন্যায্য আচরণ করা। তবে কখনও কখনও সেগুলো ঠিকঠাক মত নাও হতে পারে।

LEGAL OMBUDSMAN

প্রাপ্ত সেবার ব্যাপারে আপনি সন্তুষ্ট না হলে সেটি আপনার আইনজীবীকে জানান যাতে করে তিনি সেটি শুধরানোর একটি সুযোগ পান। অভিযোগ সংক্রান্ত বিষয়ে সমাধানের জন্য তাদের নিজস্ব পদ্ধতি কীভাবে কাজ করে সেটি প্রত্যেক আইনজীবীরিই ব্যাখ্যা করা উচিত হবে ।

আমাদের সম্পৃক্ত হবার পূর্বে আপনার আইনজীবীকে অবশ্যই আপনার অভিযোগের সমাধানের সুযোগ দেয়া উচিত হবে। সমস্যা জানতে পারার যথা শীঘ্রই সম্ভব আপনি আপনার আইনজীবীর নিকট অভিযোগ তুলে ধরবেন- দীর্ঘ দিন ধরে সেটি ফেলে রাখবেন না।

আপনি আপনার আইনজীবীর সাথে যোগাযোগ করতে কোন অসুবিধার সম্মুখীন হলে এবং আপনার পরবর্তী করণীয় কি সে বিষয়ে নিশ্চিত না হলে অনুগ্রহ পূর্বক আমাদের সাথে যোগাযোগ করবেন।

**পদক্ষেপ ২: কোন একটি বিষয়ে সমাধানের জন্য আপনার আইনজীবীকে সময় দিন**

অভিযোগ সমাধানে আপনার উচিত হবে আপনার আইনজীবীকে সর্বোচ্চ আট সপ্তাহ পর্যন্ত সময় দেয়া। তিনি যদি এই সময়ের মধ্যে আপনার প্রত্যাশা অনুযায়ী অভিযোগের সমাধান দিতে না পারেন তাহলে তখন আপনি আমাদেরকে সম্পৃক্ত করতে পারেন।

**পদক্ষেপ ৩: অভিযোগটি আমাদের কাছে নিয়ে আসা**

আপনার আইনজীবীর সাথে সমাধানের চেষ্টায় ব্যর্থ হবার পর যথাশীঘ্রই সম্ভব আপনি আমাদের কাছে আসবেন। তাদের কাছ থেকে প্রাপ্ত চূড়ান্ত প্রত্যুত্তরে আপনি সন্তুষ্ট না হলে অভিযোগটি আমাদের কাছে দাখিল করতে আপনি ছয় মাস পর্যন্ত সময় পাবেন।

এছাড়াও, সমস্যাটি অবশ্যই ৬ই অক্টোবর ২০১০ তারিখে বা এর পরে হতে হবে বা, যদি সমস্যাটি এর পূর্বে হয়ে থাকে তাহলে বিষয়টি এমন যে সেটি (সমস্যাটি) অবশ্যই ৬ই অক্টোবর ২০১০ এর পূর্বে আপনি জানতে পারেননি।

আপনি যখন আমাদের সাথে যোগাযোগ করবেন তখন আমরা আপনার কাছ থেকে ও আপনার আইনজীবীর কাছ থেকে তথ্য জানতে চাইবো। কি হয়েছে এবং কখন সেটি হয়েছে সে ব্যাপারে আপনি কোন চিঠিপত্র ও ইমেইল বা কোন নোট রেখে থাকলে সেগুলোর একটি প্রতিলিপি রাখবেন। আপনি আমাদের সাথে যোগাযোগ করলে নিম্নোক্ত তথ্যাবলী সরবরাহ করলে সেটি উপকারে আসবে:

- সংশ্লিষ্ট আইনজীবী বা আইনি প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা;
- প্রথম যে তারিখে আপনি আপনার অভিযোগ সম্পর্কে তাদেরকে জানিয়েছেন সেটি;
- আপনার আনিত অভিযোগটির সমস্যা সম্পর্কে প্রথম যেদিন আপনি অবগত হয়েছেন সেটি;
- তাদের কাছ থেকে প্রাপ্ত প্রত্যুত্তরের বিস্তারিত।

## আমাদের কাছে কাগজপত্র পাঠানো

অনলাইন স্টোর যেমন মাইক্রোসফট স্কাই ড্রাইভ, এক্স ড্রাইভ ও লাইভ ড্রাইভ থেকে কাগজপত্র আমরা গ্রহণ করিনা। এর পরিবর্তে কাগজপত্র একটি ইমেলে এটাচ করে পাঠাবেন।

বিকল্পতায়, আপনি ডাক যোগে আপনার কাগজ পত্র পাঠাতে পারেন। অনুগ্রহ পূর্বক শুধুমাত্র প্রতিলিপি পাঠাবেন কারণ আমরা আমাদের জন্য কাগজপত্রগুলো স্ক্যান করে রাখি আর মূল কাগজপত্র ধ্বংস করে ফেলি। আপনার অভিযোগের সাথে সম্পর্কিত কোন গুরুত্বপূর্ণ কাগজপত্রের একটি প্রতিলিপি করে রাখবেন (চিঠি, বিবৃতি, অফিসিয়াল কাগজপত্র বা সার্টিফিকেটসমূহ)

## আমরা যে সব ব্যবস্থা নিতে পারি

যেটি ন্যায্য সেটিতে সবার একমত হওয়ার মধ্যে দিয়ে অধিকাংশ অভিযোগসমূহ দ্রুত ও অনানুষ্ঠানিকভাবে সমাধান করা হয়। দরকার হলে আমরা আরো আনুষ্ঠানিক তদন্ত কর্ম চালিয়ে যেতে পারি তবে সেক্ষেত্রে বেশী সময় লেগে যেতে পারে।

LEGAL OMBUDSMAN

আমরা যদি সম্মত হই যে আপনার আইনজীবী কর্তৃক প্রদত্ত সেবা সন্তোষজনক হয়নি তাহলে আমরা তাদেরকে যা যা বলতে পারি:

- আপনার কাছে ক্ষমা চাইতে;
- আপনার পাওয়ার যোগ্য যে কোন কাগজপত্র আপনাকে ফিরিয়ে দিতে বলা;
- আপনার জন্য আরো কাজ করা, যদি কিনা তার মাধ্যমে সমস্যার সমাধান হয়;
- আপনার লিগ্যাল ফিস ফেরত প্রদান বা কমানো; বা
- আপনার ক্ষতি হলে সেজন্য ক্ষতিপূরণ প্রদান বা আপনার সাথে যদি অন্যায় করা হয় সেজন্য ক্ষতিপূরণ প্রদান (এটি সর্বোচ্চ £৫০,০০০ পর্যন্ত যে কোন পরিমাণ অর্থ হতে পারে তবে আমরা সাধারণত যে পরিমাণ অর্থ প্রদানে দফা রফা করি সেটি £১,০০০ এর নিচে)।

LEGAL OMBUDSMAN